

র্যালি ও সেমিনারের মধ্য দিয়ে বিশ্ব স্ট্রোক দিবস ২০১৭ উদযাপিত

আজ রবিবার ২৯ অক্টোবর ২০১৭ইং তারিখ, সকালে র্যালি ও সেমিনারের মধ্য দিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে বিশ্ব স্ট্রোক দিবস ২০১৭ উদযাপিত হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নিউরোলজি বিভাগের উদ্যোগে আয়োজিত উক্ত র্যালি ও সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। দিবসটি উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নিউরোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. এম এ হান্নানের সভাপতিত্বে ‘স্ট্রোক এন্ড নিউরোইন্টারভেনশন’ শীর্ষক সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। আরো উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নিউরোলজি বিভাগের অধ্যাপক ও বিএসএমএমইউ-এর পরিচালক (পরিবর্তন ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, সহকারী প্রক্টর ও বিশিষ্ট নিউরোলজিস্ট ডা. মোঃ আহসান হাবীব হেলাল প্রমুখ।

